# মডেল টেস্ট-০৫

## খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ।]*

**১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১×৫০=৫০**

**১. যীশুকে কেন আমরা অনুসরণ করব?**
ক. যে কোনো প্রয়োজনে তার সাহায্য পাব
খ. তিনি হলেন ঈশ্বর
গ. তিনি ঈশ্বরের পুত্র
ঘ. তিনি ভাল গল্প বলতে পারতেন

**২. আমরা প্রতিবছর যীশুর পুনরুত্থান দিবস 'ইস্টার সানডে' উৎসব পালন করি। তিনি পুনরুত্থিত হয়ে প্রথম কাকে দেখা দিয়েছিলেন?**
ক. পিতর খ. মাগদালান মারিয়া
গ. যোহন ঘ. যুদাস

**৩. তুমি মুক্তিদাতা সম্পর্কে জান। তিনি কী থেকে আমাদের মুক্ত করার জন্য এসেছিল?**
ক. পাপ খ. লালসা
গ. পুণ্য ঘ. হিংসা

**৪. সুমন প্রতিদিন পবিত্র বাইবেল থেকে কিছু অংশ ভক্তিসহকারে ও পার্থনাপূর্ণভাবে পাঠ করে। এর মাধ্যমে সে কী লাভ করবে?**
ক. ঈশ্বরের দর্শন খ. ঈশ্বরের সান্নিধ্য
গ. যীশুর দর্শন ঘ. প্রশান্তি

**৫. তোমার পিতা আলমারিতে কতগুলি বই সাজাচ্ছেন। এক্ষেত্রে তুমি কী করবে?**
ক. চুপ করে বসে থাকবে
খ. কোথায়ও খেলতে যাবে
গ. পিতাকে বই সাজাতে সাহায্য করবে
ঘ. বই নিয়ে পড়তে বসবে

**৬. সকলেই পরিবারের সুখ শান্তি কামনা করে। এর জন্য তুমি কী কামনা করবে?**
ক. অর্থ খ. একতা
গ. ভালো খাবার ঘ. দামী কাপড়

**৭. তোমার বন্ধু কথা বলার সময় অনেক শব্দের ভুল উচ্চারণ করে। এক্ষেত্রে তুমি নিচের কোন কাজটি করবে?**
ক. সবার সামনে ভুল ধরবে
খ. তার কথা শুনবেই না
গ. তাকে সবার সামনে লজ্জা দেবে
ঘ. একা ডেকে নিয়ে তার ভুল সংশোধন করে দেবে

**৮. তুমি তোমার পাঠ্যবই পড়ে কায়িনের মনোভাব সম্পর্কে জেনেছো। তার মনোভাব কেমন ছিল?**
ক. কোমল প্রকৃতির খ. উদার প্রকৃতির
গ. কঠিন প্রকৃতির ঘ. সরল প্রকৃতির

**৯. তুমি শিক্ষকের কাছ থেকে কায়িনের হিংসার গল্প শুনেছো। সে তার ছোট ভাই আবেলকে কোথায় হত্যা করেছিল?**
ক. বাজারে খ. নদীতে
গ. রাস্তায় ঘ. মাঠে

**১০. প্রবক্তাগণ ভবিষ্যতের জন্য ঈশ্বরের পরিকল্পনা জানতে পারেন। ঈশ্বর কেন তাদেরকে পাঠিয়েছেন?**
ক. ধ্যানের জন্য
খ. ঈশ্বরের বাণী প্রচারের জন্য
গ. শিক্ষালাভের জন্য
ঘ. শয়তানকে হত্যা করার জন্য

**১১. প্রবক্তা বা নবীরা পৃথিবীতে না আসলে কী হতো?**
ক. ঈশ্বরের বাণী প্রচার বন্ধ থাকতো
খ. সকল মানুষ ভাববাদী হয়ে যেতো
গ. স্রষ্টা ও সৃষ্টি সম্পর্কে মানুষ জানতে পারতো না
ঘ. পৃথিবী সৃষ্টি হতো না

**১২. প্রবক্তার তিরস্কারে একজনের মন পরিবর্তন হয়েছিল। তিনি কে?**
ক. নাথানের খ. মিখার
গ. রাজা দাউদ-এর ঘ. মালাখির

**১৩. পরীক্ষার হলে তোমার পিছনের বেঞ্চের ছেলেটি একটি নকল দিয়ে বললো 'লেখ'। এক্ষেত্রে তুমি কী করবে?**
ক. লিখবে
খ. ফেলে দেবে
গ. পাশের জনকে বলবে
ঘ. তাকে ধমক দিবে

**১৪. যে জিনিস তোমার না তা তুমি পেতে চাইবে না। আর যদি তা চাও তবে তুমি কী করলে?**
ক. নিন্দা খ. হিংসা
গ. লোভ ঘ. অহংকার

**১৫. মানবজাতি দীর্ঘদিন যাবৎ একজনের আগমনের জন্য অপেক্ষা করছিল। তিনি কে?**
ক. আশ্রয়দাতা যীশু খ. যুক্তিদাতা যীশু
গ. মুক্তিদাতা যীশু ঘ. পরামর্শদাতা যীশু

**১৬. মুক্তিলাভের ফলে আমরা পাপের ক্ষমা পাই। নিচের আর কোনটি পাই?**
ক. শান্তি খ. হিংসা
গ. অনাদর ঘ. নিরাপত্তা

**১৭. তোমার ভেতর এমন কিছু আছে, যা অমর এবং মৃত্যুর পর তা ঈশ্বরের কাছে চলে যাবে। এটি কী?**
ক. আত্মা খ. মন
গ. দেহ ঘ. রক্ত

**১৮. যারা স্রষ্টাকে বিশ্বাস করে তাদের দ্বারা কোনো পাপ কাজ করা সম্ভব নয়। কারণ—**
ক. তারা জানেন যে স্রষ্টা সবকিছু দেখছেন
খ. পাপ করা সকলের জন্য লজ্জাকর
গ. স্রষ্টা পাপীদের ঘৃণা করেন
ঘ. স্রষ্টা পাপীদের শাস্তি দেন

Teachingbd.com

১৯. তুমি ঈশ্বরের সান্নিধ্যে শাশ্বত জীবন লাভ করতে চাও। নিচের কোনটি গ্রহণ করলে তুমি এই জীবন লাভ করতে পারবে?
ক. যীশুর দেহ ও রক্ত খ. যীশুর বস্ত্র
গ. যীশুর রুটি ঘ. যীশুর রক্ত

২০. তুমি তোমার বন্ধুকে একটি ফুল উপহার দিলে। এখানে তুমি কিসের প্রকাশ ঘটালে?
ক. ভালোবাসা খ. দুঃখ
গ. অভিমান ঘ. রাগ

২১. তুমি পবিত্র আত্মার দেখানো পথে চলো। এর দ্বারা তুমি কী লাভ কর?
ক. অভিযোগ খ. অপমান
গ. অভিশাপ ঘ. আনন্দ

২২. আমাদের দেশে অনেক যুবক-যুবতী সাধারণ শিক্ষা বা প্রাতিষ্ঠানিক শিক্ষা গ্রহণ করতে পারে না। মণ্ডলী তাদের জন্য কোন বিশেষ শিক্ষার ব্যবস্থা করে থাকে?
ক. কারিগরি শিক্ষা খ. প্রাথমিক শিক্ষা
গ. উচ্চতর শিক্ষা ঘ. মাধ্যমিক শিক্ষা

২৩. মানবজাতি কেন পৃথিবীতে এসেছে বলে তুমি মনে কর?
ক. বঞ্চিত হওয়ার জন্য
খ. অপমানিত হওয়ার জন্য
গ. পাপ করার জন্য
ঘ. সেবা কাজের জন্য

২৪. রোগ-ব্যাধি হতে মুক্তি পেলে আমরা যার প্রতি কৃতজ্ঞ হবে—
ক. সাহায্যকারী আত্মীয় খ. একমাত্র ঈশ্বর
গ. ডাক্তার ঘ. নার্স

২৫. আমরা নিয়মিত স্নান করি। এর আগে ও পরে গায়ে কী মেখে আমরা পরিশুদ্ধ হই?
ক. ফলের রস খ. ফুলের নির্যাস
গ. কাদামাটি ঘ. তেল

২৬. ঈশ্বর আমাদের পাপ থেকে মুক্তি দিতে মুক্তিদাতা রূপে যীশুকে পাঠিয়েছিলেন। মুক্তিদাতা যীশু কোন বংশে জন্মেছিলেন?
ক. যোহনের বংশে খ. যাকোবের বংশে
গ. দাউদের বংশে ঘ. লূত-এর বংশে

২৭. তোমার মা মারা যাবার পর তুমি তোমার চাচির কাছে বড় হয়েছ। তুমি তার সাথে কেমন ব্যবহার করবে?
ক. দুর্ব্যবহার খ. খারাপ
গ. উত্তম ঘ. গালমন্দ

২৮. শ্রেণিকক্ষে শিক্ষক এমন একজন মহান নেতা সম্পর্কে আলোচনা করেছেন যিনি দক্ষিণ আফ্রিকার ট্রান্সকাই শহরে জন্মগ্রহণ করেন এবং জনগণের মুক্তি ও সংগ্রামের জন্য আজীবন সংগ্রাম চালিয়েছেন। শিক্ষক কার সম্পর্কে বলছিলেন?
ক. মার্টিন লুথার কিং খ. হুগো শাভেজ
গ. নেলসন ম্যান্ডেলা ঘ. মহাত্মা গান্ধী

২৯. নেলসন ম্যান্ডেলা ক্ষুদ্র জাতিসত্তার মধ্যকার বিরোধ মীমাংসা করতেন। তিনি নিজের যোগ্যতা বিচারের জন্য কী হতে চাইলেন—
ক. শিক্ষক খ. কৃষক
গ. আইনজীবী ঘ. চিকিৎসক

৩০. শেষ দিনে সকল মানুষ পুনরুত্থান করবে। তখন খ্রিষ্ট সকল স্বর্গদূতদের নিয়ে পৃথিবীতে আসবেন। তিনি পৃথিবীতে এসে কী করবেন?
ক. সকলকে স্বর্গে নিয়ে যাবেন খ. নরকে নিয়ে যাবেন
গ. সকলের মৃত্যু ঘটাবেন ঘ. সকলের বিচার করবেন

৩১. আমরা যদি পাপ না করি, তাহলে—
ক. মৃত্যুর পর স্বর্গে যাব
খ. দুনিয়াতে অনেক বড় হতে পারব
গ. সৎ মানুষ হতে পারব ঘ. গরিব থেকে যাব

৩২. শান্ত সমুদ্র হঠাৎ ফুলে ফেঁপে উঠলো। সমুদ্রের পানি অনেক উঁচুতে উঠে গেল। সমুদ্রের লোনা পানিতে ডুবে বহু লোকের মৃত্যু হলো। কীসের কারণে এমন হলো?
ক. বৃষ্টি খ. বন্যা
গ. ঘূর্ণিঝড় ঘ. খরা

৩৩. ঘূর্ণিঝড়ের সময় তুমি অনেক ভয় পাও। এ সময় তুমি নিচের কোন কাজটি করবে?
ক. কাঁদবে খ. হাসবে
গ. প্রার্থনা করবে ঘ. ঘুমিয়ে যাবে

৩৪. ১৯৭১ খ্রিষ্টাব্দে মুক্তিযুদ্ধে অনেক খ্রিষ্টান প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অংশগ্রহণ করেছেন। এই যুদ্ধে কতজন পুরোহিত শহিদ হয়েছেন?
ক. নয়জন খ. সাতজন
গ. পাঁচজন ঘ. তিনজন

৩৫. বাংলাদেশ খ্রিষ্টমণ্ডলী শিক্ষার দিকে গুরুত্ব দিয়ে অনেক শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তুলেছেন। সারা দেশে বর্তমানে তাঁদের পরিচালিত প্রাইমারি স্কুলের সংখ্যা কত?
ক. ২১৩টি খ. ৩১৩টি
গ. ৪১৩টি ঘ. ৫১৩টি

৩৬. খ্রিষ্টানদের পরিচালিত প্রতিষ্ঠান কোনটি?
ক. ব্র্যাক খ. আশা
গ. কারিতাস ঘ. শোভা

৩৭. ত্রিব্যক্তি ঈশ্বরের তিন ব্যক্তি সমান কীভাবে?
ক. তারা পরস্পর পানির মত
খ. তারা পরস্পর ফলের মত
গ. তিন স্বত্তা মিলে এক ঈশ্বর
ঘ. তিন ব্যক্তি প্রত্যেকে আলাদা আলাদা

৩৮. ঈশ্বর কার গায়ে চিহ্ন এঁকেছিলেন?
ক. আদম খ. হবা
গ. আবেল ঘ. কায়িন

৩৯. কারা ঈশ্বরের সঙ্গে সাক্ষাতের মাধ্যমেই তাঁর যাত্রা শুরু করেন?
ক. প্রবক্তা খ. জেরে মিয়া
গ. ওবাদিয়া ঘ. হাবাকুক

৪০. তোমাদের ধর্মে কে বিবাহ সাক্রামেন্ত প্রদান করতে পারেন?
ক. স্বামী খ. মাতা
গ. মণ্ডলী ঘ. যাজক

http://teachingbd.com

৪১. পরিত্রাণ শব্দের অর্থ কী?
ক. বন্দি খ. পবিত্র
গ. উদ্ধার লাভ ঘ. ক্ষতি

৪২. কে যীশুকে ক্রুশ থেকে নামিয়ে বস্ত্রে জড়ালেন?
ক. পীড়ব খ. শত্রুরা
গ. যোসেফ ঘ. যুদাস

৪৩. নিচের কোনটি দ্বারা দেহের বশ বুঝায়?
ক. ভালোবাসা খ. শান্তি
গ. ব্যভিচার ঘ. আত্মসংযম

৪৪. খ্রিষ্টধর্ম মতে পরিবারকে কী বলা হয়?
ক. যুবমণ্ডলী খ. ক্ষুদ্রমণ্ডলী
গ. প্রাথমিক মণ্ডলী ঘ. শিশু মণ্ডলী

৪৫. ব্যভিচার শব্দের অর্থ কী?
ক. বিচারহীন খ. অবিচার
গ. কামনার দৃষ্টি ঘ. সুন্দর ব্যবহার

৪৬. রুথ ও বোয়াজের কয়টি পুত্র সন্তান ছিল?
ক. একটি খ. দুইটি
গ. তিনটি ঘ. চারটি

৪৭. কত সালে নেলসন ম্যান্ডেলা দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট নির্বাচিত হন?
ক. ১৯৯১ সালে
খ. ১৯৯২ সালে গ. ১৯৯৩ সালে
ঘ. ১৯৯৪ সালে

৪৮. শেষ বিচারের প্রস্তুতির সময় শুরু হয় কখন থেকে?
ক. জন্মের পর থেকে
খ. মৃত্যুর পর থেকে
গ. দীক্ষা গ্রহণের সময় থেকে
ঘ. প্রাতঃকালীন সময় থেকে

৪৯. কোন প্রাকৃতিক দুর্যোগে সমুদ্রের পানি ফুলে অনেক উঁচু হয়ে যায়?
ক. ভূমিকম্প খ. ঘূর্ণিঝড়
গ. খরা ঘ. বন্যা

৫০. পবিত্র বাইবেলে ঈশ্বর সম্পর্কে কী বলা হয়েছে?
ক. তিনি আদি ও অন্ত খ. তিনি আদি ও অনন্ত
গ. তিনি অনাদি ও অনন্ত
ঘ. তিনি অনাদি ও অন্ত

২. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ: ১× ১৫ = ১৫

ক. 'দুঃখের পানপাত্র' বলতে আমরা কী বুঝি?
খ. আমরা জানি যে ঈশ্বর সর্বত্র বিরাজমান। এই কথা আমরা কার কাছ থেকে জানতে পারি?
গ. আমরা কীভাবে প্রমাণ করি যে আমরা ঈশ্বরের সন্তান?
ঘ. মণ্ডলীর সদস্য হিসেবে দুঃস্থ মানুষের জন্য তুমি কী করবে?
ঙ. তোমার জীবনে যদি কোনো দুঃখ, কষ্ট আসে তখন তুমি কার প্রতি আস্থা ও বিশ্বাস রাখবে?
চ. তোমাদের ধর্মীয় মণ্ডলী কয়টি কারিগরি বিদ্যালয় পরিচালনা করে?
ছ. কায়িন ও আবেলের পেশা কী ছিল?
জ. দশ আজ্ঞা বলতে কী বোঝ?
ঝ. মুক্তির ইতিহাস বলতে কী বোঝ?
ঞ. সাধু পল দেহের বশকে কী বলেছেন?
ট. যীশু রোগীদের নিরাময় করার জন্য কী কী বাস্তব চিহ্নের আশ্রয় নিয়েছেন?
ঠ. ম্যান্ডেলা কত সালে দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট নির্বাচিত হন?
ড. ঈশ্বর শেষ বিচারের ভার কার হাতে দেবেন?
ঢ. ঘূর্ণিঝড় দেশের কোথায় সংঘটিত হয়?
ণ. মহাত্মা গান্ধী কোন নীতি গড়ে তুলেছিলেন?

৩. ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও : ৫×৭ = ৩৫

ক. আমরা বাইবেল থেকে রুথ নামক একজন নারীর কথা জেনেছি যে তার শাশুড়িকে ছেড়ে না গিয়ে তার সাথেই থাকে। উক্ত নারী ও তাঁর শাশুড়ি বেঁচে থাকার জন্য কী করতে লাগলেন? তাঁর সাথে কার বিয়ে হলো ৪টি বাক্যে লেখ। ১+৪=৫

খ. তোমার বন্ধু ঈশ্বরের সর্বত্র উপস্থিতির বিষয়ে জানতে চাইলে শিক্ষক তাকে পাঠ্যবইয়ের একটি সংগীত পাঠ করতে বললেন। শিক্ষক তোমার বন্ধুকে কোন সংগীতটি পাঠের কথা বলেছেন? সংগীতটির রচয়িতা কে? উক্ত সংগীতের প্রথম ৩টি লাইন লেখ। ১+১+৩=৫

গ. শিক্ষক দু'জন ব্যক্তির পরিচয় দিচ্ছিলেন যারা কঠোর পরিশ্রম করত। তাদের নাম যথাক্রমে কায়িন ও আবেল। এরা কাদের সন্তান? কায়িন ও আবেল সম্পর্কে ৪টি বাক্য লেখ। ১+৪=৫

ঘ. তুমি জান যীশু স্বর্গারোহণের পূর্বে প্রতিশ্রুতি দিয়েছিল যে তিনি সহায়ক পাঠিয়ে দেবেন। আর সে সহায়ক হলেন পবিত্র আত্মা। উক্ত সহায়কের অনুপ্রেরণায় চলার অর্থ কী? এটি আমাদের জন্য যে দান নিয়ে আসেন তা গ্রহণ করলে আমরা কী পাব তা ৪টি বাক্যে লেখ। ১+৪=৫

ঙ. তুমি এমন এক সর্বশক্তিমানের আরাধনা কর যিনি আমাদের সৃষ্টিকর্তা ও পালনকর্তা। এই সর্বশক্তিমান কে? তিনি কোথায় আছেন? তাঁর সম্পর্কে ৩টি বাক্য লেখ। ১+১+৩=৫

চ. তোমাদের পবিত্র ধর্মগ্রন্থে যে ১৬ জন প্রবক্তার নামে গ্রন্থ আছে তাদের মধ্য থেকে ৪ জন মুখ্য প্রবক্তা ও ৬ জন গৌণ প্রবক্তার নাম লেখ। ৫

ছ. তোমাদের দেশের দক্ষিণাঞ্চলে কোন দুর্যোগ দেখা যায়? এই দুর্যোগের ১টি লক্ষণ লেখ। দুর্যোগকালীন সময়ে তোমাদের ধর্মীয় শিক্ষা কী তা ৩টি বাক্যে লেখ। ১+১+৩=৫

জ. তোমাদের ধর্মে কোন তেলকে প্রাচুর্য ও আনন্দের প্রতীক বলা হয়? কেন এই তেলকে তোমাদের ধর্মে প্রাচুর্য ও আনন্দের প্রতীক বলা হয় তা ৪টি বাক্যে বুঝিয়ে লেখ। ১+৪=৫

ঝ. নেলসন ম্যান্ডেলা আজীবন কীসের জন্য সংগ্রাম চালিয়েছেন? নিজের যোগ্যতা বিচারের জন্য তিনি কী হতে চেয়েছিলেন? নেলসন ম্যান্ডেলার কারাভোগের কারণ ৪টি বাক্যে লেখ। ১+৪=৫

ঞ. মুক্তিলাভের ২টি ফলাফল লেখ। মুক্তিদাতার আগমনের ভবিষ্যদ্বাণী সম্পর্কে দীক্ষাগুরু যোহনের মুখে আমরা কী শুনতে পাই? ২+৩=৫

Teachingbd.com

# উত্তরমালা

১. ১. ক. যে কোনো প্রয়োজনে তাঁর সাহায্য পাব; ২. খ. মাগদালান মারিয়া; ৩. ক. পাপ; ৪. খ. ঈশ্বরের সান্নিধ্য; ৫. গ. পিতাকে বই সাজাতে সাহায্য করবে; ৬. খ. একতা; ৭. ঘ. একা ডেকে নিয়ে তার ভুল সংশোধন করে দেবে; ৮. গ. কঠিন প্রকৃতির; ৯. ঘ. মাঠে; ১০. খ. ঈশ্বরের ব্যাণী প্রচারের জন্য; ১১. ক. ঈশ্বরের বাণী প্রচার বন্ধ থাকতো; ১২. গ. রাজা দাউদ-এর; ১৩. খ. ফেলে দেবে; ১৪. গ. লোভ; ১৫. গ. মুক্তিদাতা যীশু; ১৬. ঘ. নিরাপত্তা; ১৭. ক. আত্মা; ১৮. ক. তারা জানেন যে স্রষ্টা সবকিছু দেখছেন; ১৯. ক. যীশুর দেহ ও রক্ত; ২০. ক. ভালোবাসা; ২১. ঘ. আনন্দ; ২২. ক. কারিগরি শিক্ষা; ২৩. ঘ. সেবা কাজের জন্য; ২৪. খ. একমাত্র ঈশ্বর; ২৫. ঘ. তৈল; ২৬. গ. দাউদের বংশে; ২৭. গ. উত্তম; ২৮. গ. নেলসন ম্যান্ডেলা; ২৮. গ. নেলসন ম্যান্ডেলা; ২৯. গ. আইনজীবী; ৩০. ঘ. সকলের বিচার করবেন; ৩১. ক. মৃত্যুর পর স্বর্গে যাব; ৩২. গ. ঘূর্ণিঝড়; ৩৩. গ. প্রার্থনা করবে; ৩৪. ঘ. তিন জন; ৩৫. ঘ. ৫১৩; ৩৬. গ. করিতাস; ৩৭. গ. তিন স্বত্তা মিলে এক ঈশ্বর; ৩৮. ঘ. কায়িন; ৩৯. ক. প্রবক্তা; ৪০. ঘ. যাজক; ৪১. গ. উদ্ধার লাভ; ৪২. গ. যোসেফ; ৪৩. গ. ব্যভিচার; ৪৪. খ. ক্ষুদ্রমণ্ডলী; ৪৫. গ. কামনার দৃষ্টি; ৪৬. ক. একটি; ৪৭. ঘ. ১৯৯৪ সালে; ৪৮. গ. দীক্ষা গ্রহণের সময় থেকে; ৪৯. খ. ঘূর্ণিঝড়; ৫০. গ. তিনি অনাদি ও অনন্ত।

২. ক. 'দুঃখের পানপাত্র' কথার অর্থ হচ্ছে কষ্ট-যন্ত্রণা ও ক্রুশে মৃত্যু।

খ. ঈশ্বরের সর্বত্র উপস্থিতির কথা আমরা সাধু পলের কাছ থেকে জানতে পারি।

গ. সর্বদা সৎপথে চলার মাধ্যমে আমরা আমাদের সৃষ্টিকর্তা ঈশ্বরের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করি, আর এই সৎপথে চলার মাধ্যমেই আমরা প্রমাণ করি যে, আমরা ঈশ্বরের সন্তান।

ঘ. দুঃস্থ মানুষের সেবার জন্য সম্মিলিত সংঘ গড়ে তুলব।

ঙ. আমার জীবনে যদি কোনো দুঃখ,কষ্ট আসে তখন আমি পবিত্র ঈশ্বরের প্রতি আস্থা ও বিশ্বাস রাখব।

চ. মণ্ডলী পরিচালিত কারিগরি বিদ্যালয় ১৩টি।

ছ. কায়িনের পেশা ছিল কৃষিকাজ আর আবেলের পেশা ছিল মেষ পালন।

জ. দশ আজ্ঞা হলো ভালোবাসার বিধান।

ঝ. ঈশ্বরের সঙ্গে মানুষের সম্পর্ক গড়ার সময়কে মুক্তির ইতিহাস বলা হয়।

ঞ. সাধু পল দেহের বশকে নিম্নতর স্বভাব বলেছেন।

ট. যীশু রোগীদের নিরাময় করার জন্যে বিভিন্ন বাস্তব চিহ্নের আশ্রয় নিয়েছেন। যেমন—থুথু, হস্তস্থাপন, কাদা ও পরে পানি দিয়ে ধুয়ে ফেলা ইত্যাদি।

ঠ. ১৯৯৪ খ্রিষ্টাব্দের মে মাসে নেলসন ম্যান্ডেলা দক্ষিণ আফ্রিকার প্রথম নিগ্রো প্রেসিডেন্ট নির্বাচিত হন।

ড. ঈশ্বর শেষ বিচারের ভার তাঁর পুত্র যীশু খ্রিষ্টের হাতে দেবেন।

ঢ. ঘূর্ণিঝড় সাধারণত দেশের দক্ষিণাঞ্চলের উপকূলীয় এলাকায় সংঘটিত হয়।

ণ. মহাত্মা গান্ধী 'অহিংস নীতি' গড়ে তুলেছিলেন।

http://teachingbd.com